## এইচএসসি পরীক্ষা ২০২১ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

**বিষয়: হিসাব বিজ্ঞান নীতি ও প্রয়োগ - ২** **শ্রেণি-দ্বাদশ** **বিষয় কোড: ১৮২৫** **স্তর: এইচএসসি (বিএম)**

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) |
|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট নম্বর - ২ | ১. প্রাপ্য নোটের সুদ নির্ণয় ব্যাখ্যা কর।<br>২. রাইহান আফনান এন্ড কোং ২০১১ সালের ১লা জানুয়ারি তারিখে অনাদায়ী ও সন্দেহজনক পাওনা সঞ্চিতির ক্রেডিট জের ৯০০ টাকা ছিল। ঐ বছর মোট অনাদায়ী পাওনার পরিমান ৭০০ টাকা ছিল। ২০১১ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাবের পরিমাণ ছিল ২৪,০০০ টাকা এবং প্রাপ্য হিসাবের ৫% সন্দেহজনক পাওনা সঞ্চিতি রাখতে হবে।<br>২০১২ সালে মোট অনাদায়ী পাওনার পরিমাণ হয়েছিল ১,৩৫০ টাকা। ২০১২ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাবের পরিমাণ ছিল ২৫,০০০ টাকা এবং প্রাপ্য হিসাবের ৫% সন্দেহজনক পাওনা সঞ্চিতি রাখতে হবে।<br>২০১৩ সালে মোট অনাদায়ী পাওনার পরিমান হয়েছিল ১,০০০ টাকা এবং বছরের শেষে প্রাপ্য হিসাবের পরিমাণ ছিল ১০,০০০ টাকা। প্রাপ্য হিসাবের ৫% সন্দেহজনক পাওনা সঞ্চিতি রাখতে হবে।<br>উক্ত বছরগুলোর জন্য প্রয়োজনীয় জাবেদা, অনাদায়ী ও সন্দেহজনক পাওনা সঞ্চিতি হিসাব প্রস্তুত করে উক্ত বছরগুলোর বিশদ আয় বিবরণী এবং আর্থিক বিবরণীতে সংশ্লিষ্ট দফাসমূহ দেখাও। | অধ্যায় ১<br>প্রাপ্যসমূহের হিসাবরক্ষণ | • প্রাপ্য নোটের সুদ<br>• জাবেদা দাখিলা<br>• অনাদায়ী পাওনা সঞ্চিতি<br>• বিশদ আয় বিবরণী এবং আর্থিক বিবরণী | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) |

| পারদর্শিতার মান / নম্বর | | | | | স্কোর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| নির্দেশনা | ৪ | ৩ | ২ | ১ | | |
| প্রাপ্য নোটের সুদ | উদাহরণসহ প্রাপ্য নোটের সুদের ধারণা সঠিকভাবে ব্যাখ্যা করলে | উদাহরণসহ প্রাপ্য নোটের সুদের ধারণা অধিকাংশ সঠিকভাবে ব্যাখ্যা করলে | উদাহরণসহ প্রাপ্য নোটের সুদের ধারণা আংশিক সঠিকভাবে ব্যাখ্যা করলে | প্রাপ্য নোটের সুদের ধারণা আংশিক ব্যাখ্যা করলে | | |
| জাবেদা দাখিলা | ব্যাখ্যাসহ জাবেদা দাখিলা ধারাবাহিকভাবে লিখলে | জাবেদা দাখিলা ধারাবাহিকভাবে লিখলে | জাবেদা দাখিলা সম্পূর্ণ লিখলে | জাবেদা দাখিলার আংশিক লিখলে | | |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | গণনাকার্জসহ অনাদায়ী পাওনা সঞ্চিতি নির্ণয় করলে | অনাদায়ী পাওনা সঞ্চিতি নির্ণয় করলে | অনাদায়ী পাওনা সঞ্চিতি আংশিক নির্ণয় করলে | অনাদায়ী পাওনা সঞ্চিতির ধারণা দিলে | | |
| বিশদ আয়-বিবরণী এবং আর্থিক বিবরণী | নির্ভুলভাবে বিশদ আয়-বিবরণী এবং আর্থিক বিবরণী তৈরি করলে | বিশদ আয়-বিবরণী এবং আর্থিক বিবরণী তৈরি করলে | বিশদ আয়-বিবরণী এবং আর্থিক বিবরণী আংশিক তৈরি করলে | বিশদ আয়-বিবরণী এবং আর্থিক বিবরণী ভুলভাবে তৈরি করলে | | |
| | | | | মোটঃ- | | |

বি:দ্র: বরাদ্দকৃত নম্বরঃ- যথাযথ/ পূর্ণাঙ্গ = (৮০% - ১০০%) সঠিক, অধিকাংশ = (৭০% - ৭৯%) সঠিক এবং আংশিক = (৫০% -৬৯%) সঠিক।

**অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর:-১৬**

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতিউত্তম |
| ১১ - ১২ | উত্তম |
| ০৮ - ১০ | ভালো |
| ০৭ বা ০৭ এর কম | অগ্রগতি প্রয়োজন |